

PART-II

বাংলা সাম্মানিক ও তৃতীয় পত্র—২০১২

পূর্ণমান—১০০

(৪,৫ এবং ১৪ ও ১৫ মানের উত্তর যথাক্রমে ৮০, ১০০, ২৭৫ ও ৩০০ শব্দের মধ্যে লেখা বাঞ্ছনীয়।)

১। আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা দাও। যে কোনো একটি আঞ্চলিক উপন্যাস বিশ্লেষণ করো। ২+১২

অথবা, যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭×২

(ক) মনস্তাত্ত্বিক উপন্যাস (খ) ছোটগল্প (গ) রোমান্স (ঘ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস।

২। (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে রামানন্দ স্বামী প্রতাপকে এ সংসারের সর্বাপেক্ষা পুণ্যবান চরিত্র বলেছেন। চরিত্রটি আলোচনার মাধ্যমে মন্তব্যটি বিশ্লেষণ করো।

অথবা, (খ) 'চন্দ্রশেখর' উপন্যাসে উপক্রমণিকা অংশটির প্রয়োজন ছিল কি? মূল উপন্যাসের সম্পূর্ণতা ও রসসৃষ্টিতে এর স্থান বিশ্লেষণ করো। ১৪

৩। (ক) 'যে রাজ্যে আমি রাজা নই, সে রাজ্যে আমার প্রয়োজন?' — বক্তা কে? কার উদ্দেশ্যে কোন্ প্রসঙ্গে এরূপ উক্তি করা হয়েছে ব্যাখ্যা করো। ১+৩

অথবা, (খ) 'তুমি অন্ধের অধিক অন্ধ, তাই বুঝিতে পার না যে, তোমার স্বামী তোমায় যে রূপ ভালবাসেন, নারীজন্মে সেরূপ ভালবাসা দুর্লভ।' — কে, কাকে, কেন একথা বলেছে? ১+১+২

৪। (ক) শ্রীকান্ত ও রাজলক্ষীর মিলনের পথে বাধা তারা নিজেরাই। — সংশ্লিষ্ট উপন্যাস অবলম্বনে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৪

অথবা, (খ) শ্রীকান্ত (প্রথমপর্ব) কী ধরনের উপন্যাস? — উপন্যাসটি অবলম্বনে যুক্তিসহ বিচার করো। ১৪

৫। (ক) 'কিন্তু যাহারা আমাকে জানে, তাহারা বলিবে, তোমার ত এ সাজে নাই বাপু।' — বক্তা কে? কেন সে একথা বলেছে? এ কথার তাৎপর্য কী? ১+১+২

অথবা, (খ) 'আমার সমস্ত কথা যে আজই তোমরা বুঝিতে পারিবে, তাহা নয়;' — বক্তা কে? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য লেখো। ১+১+২

৬। (ক) 'তাকে মেয়ে করে গড়বার সময় বিধাতা তার মধ্যে পুরুষের একটা ভাগ মিশিয়ে দিয়েছেন' — লাভণ্য চরিত্র নির্মাণে এই ভাবনার প্রয়োগ কীভাবে কতটা ঘটেছে তা ব্যাখ্যা করো। ১৫

অথবা, (খ) শেষের কবিতা' উপন্যাসের পরিণতির শিল্পগত সার্থকতা বিচার করো। ১৫

৭। (ক) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :
(ক) 'আজ সমস্তই নতুন করে জানছি, নিজেকেও। এর উপরে তো হাসি চলে না' — বক্তা কে? কোন্ প্রসঙ্গে কেন একথা বলা হয়েছে? ১+২+২

(খ) 'এখন থেকে আমার আর এক আরম্ভ, এ আরম্ভের শেষ নেই। আমার মধ্যে এ যে কত আশ্চর্য সে আমি কাউকে কেমন করে জানাব?' — কার অনুভব? কেন তার এ উপলব্ধি? ১+৪

(গ) 'সেই কথাটাকেই বুঝি পথ চলতে চলতে ও পায়ে পায়ে খইয়ে দিতে চায়।'—
কার সম্পর্কে বলা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য নির্দেশ করো। ১+৪

(ঘ) 'তার মুখ-ধোবার টেবিলের উপকরণ দশাননের পক্ষেও বাহুল্য হত।'— উদ্দিষ্ট
ব্যক্তিটি কে? তার সম্পর্কে এরূপ উক্তি কারণ কী বুঝিয়ে দাও। ১+৪

৮। (ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে যুগসম্বন্ধিগণের বৈশিষ্ট্য কতটা লক্ষিত
হয় তা আলোচনা করে দেখাও। ১৫

অথবা, 'কোপাই নদী ঠিক যেন কাহার কন্যা।'— উপন্যাসের কাহিনী সূত্রের বিকাশে
কাহার মেয়েদের ভূমিকা নির্দেশ করো। ১৫

৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) '— আমার দিকে তাকালে কি হবে বল? জাত আর থাকবে না, অজাত ঢুকেছে
ঘরে।'— কে, কাকে, কেন একথা বলেছে? ১+১+৩

(খ) 'এখনও মনে লাগছে দলে মেশে নাই। তবে চারে ভিড়েছে। তা' পরেতে টোপ
ধরলে ঘাই মারবে।'— বক্তা কে? কাকে বলেছে একথা? কেন? ১+১+৩

(গ) 'গলায় তোরা পৈতে নে, বুঝলি;'— বক্তা কে? কার উদ্দেশ্যে বলেছে? অংশটির
তাৎপর্য কী আলোচনা করো। ১+১+৩

(ঘ) 'এই নিয়ে পাড়ার মেয়েরা যে গবেষণা করছে, তাতে তাকে আতঙ্কিত করে
তুলেছে। সে নিজেও ভেবে দেখেছে, কেউ কখনও করে নাই।'— কে আতঙ্কিত
হয়েছে? প্রসঙ্গ নির্দেশসহ বক্তার মানসিকতার পরিচয় দাও। ১+৪

বাংলা সাম্মানিক : চতুর্থ পত্র—২০১২

পূর্ণমান—১০০

৫, ৭ $\frac{১}{২}$, ১০ ও ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ১৫০, ২০০, ও
৩০০ শব্দের মধ্যে লেখা বাঞ্ছনীয়)

১। (ক) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নির্ণয় করো। বাংলায় লেখা
একটি ঐতিহাসিক নাটকের বিস্তারিত পরিচয় দাও। ৭+৮

অথবা, (খ) যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭ $\frac{১}{২}$ +৭ $\frac{১}{২}$

(অ) কমেডি (আ) সামাজিক নাটক, (ই) সাংকেতিক নাটক (ঈ) থার্ড থিয়েটার।

২। (ক) উনিশ শতকের মধ্যভাগে সখের নাট্যাভিনয়ের ধারায় বেলগাছিয়া
নাট্যশালার ভূমিকা ও অবদান বিষয়ে আলোচনা করো। ১৫

অথবা, (খ) যে কোন দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো : ৭ $\frac{১}{২}$ +৭ $\frac{১}{২}$

(অ) নাট্যনিয়ন্ত্রণ বিল (আ) জোড়াসাঁকো নাট্যশালা (ই) ন্যাশনাল থিয়েটার
(১ম পর্ব) (ঈ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার।